# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নং ৩৩/কিশোর/৯৭/৫২৬৩ ........ তারিখ ১৭/১১/৯৭

প্রেরক: বিদ্যালয় পরিদর্শক।

প্রাপক: প্রধান শিক্ষক/শিক্ষিকা,

প্রস্তাবিত ........ ধনপুর ........ উচ্চ বিদ্যালয়/~~উচ্চ মাধ্যমিক বিদ্যালয়~~

ডাকঘর ........ ধনপুর ........ থানা ........ ইটনা ........ জেলা ........ কিশোরগঞ্জ।

বিষয়: নবম শ্রেণী খোলার একাডেমিক অনুমতি।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হইয়া জানানো যাইতেছে যে বোর্ড উক্ত বিদ্যালয়ে আরোপিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ ........ ১/১/৯৭ ইং ........ তারিখ হইতে অস্থায়ীভাবে নবম শ্রেণী খোলার একাডেমিক অনুমতি দান করিয়াছেন।

আবশ্যিক বিষয়সমূহ: ~~(ক) বাংলা (খ) ইংরেজি (গ) গণিত ও (ঘ) ভূগোল (ঙ) ধর্ম শিক্ষা (চ) কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান~~ পাঠ্যক্রম অনুযায়ী

নির্বাচনিক বিষয়সমূহ: ২। প্রথম গুচ্ছ ~~(ক) মানবিক বিভাগ (খ) বিজ্ঞান বিভাগ (বাণিজ্য বিভাগের পরিবর্তে) (ঘ) ইতিহাস (ঙ) অর্থনীতি (চ) পৌরনীতি~~ পাঠ্যক্রম অনুযায়ী

৩। দ্বিতীয় গুচ্ছ। পাঠ্যক্রম অনুযায়ী

## শর্তসমূহ

১। বিদ্যালয়ের নামে রেজিঃকৃত সমস্ত জমির জমা-খারিজ করিয়া রীতিমত খাজনা পরিশোধ করিতে হইবে।

২। প্রশিক্ষণ প্রাপ্ত এবং অভিজ্ঞ একজন সহকারী প্রধান শিক্ষক নিয়োগ করিতে হইবে।

৩। প্রশিক্ষণ প্রাপ্ত একজন শরীরচর্চা শিক্ষক নিয়োগ করিতে হইবে। অথবা বিদ্যালয়ের একজন শিক্ষককে প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

৪। এই পত্র ইস্যুর ৩০ দিনের মধ্যে বিধি মোতাবেক এড-হক কমিটি গঠন করিয়া অনুমোদনের জন্য উপস্থাপন করিতে হইবে।

৫। এই পত্র ইস্যুর ৭ দিনের মধ্যে নবম/৯৭ শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের রেজিঃ সংক্রান্ত ব্যাপারে রেজিঃ শাখার সাথে যোগাযোগ করিতে হইবে।

৬। ছাত্র/ছাত্রীদের উপস্থিতির হার বৃদ্ধি করিতে হইবে।

৭। স্নাতক পাস শিক্ষকগণকে পর্যায়ক্রমে বি, এড প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

৮। বিদ্যালয়ের খালি জায়গায় মূল্যবান বৃক্ষ রোপন করিয়া সংরক্ষণ করিতে হইবে।